# বাংলাদেশ নির্বাচন কমিশন
## উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগাছা, রংপুর
## ও
## রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়।

**www.ecs.gov.bd**

স্মারক নং-১৭.০৮.৮৫৭৩.০০০.৩২.০০৭.২৩. ১১ তারিখঃ ০৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ২১ জানুয়ারি ২০২৪ খ্রি:

বিষয়ঃ হালনাগাদকৃত ছবিসহ ভোটার তালিকার খসড়া প্রকাশ ও চুড়ান্তকরণ প্রসংগে।

সূত্রঃ নির্বাচন কমিশন সচিবালয়ের পত্র নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২৩(অংশ)-৪০৪, তারিখ- ২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ-২০২২ কার্যক্রমে বাড়ী বাড়ী গিয়ে ভোটার নিবন্ধনের জন্য যাদের তথ্য সংগ্রহ করা হয়েছে এবং পরবর্তীতে অফিসে এসে যারা ভোটার তালিকাভুক্তির জন্য নিবন্ধন সম্পন্ন করেছেন তাদের মধ্যে ০১-০১-২০০৬ বা তার পূর্বে যাদের জন্ম তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তির নিমিত্ত ছবিসহ খসড়া ভোটার তালিকা প্রকাশ, সংশোধনকারী কর্তৃপক্ষের কার্যক্রম এবং চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের জন্য মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত সময়সূচী নিম্নরূপ। তবে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রণীত চূড়ান্ত ভোটার তালিকায় যাদেরকে অন্তর্ভুক্ত করা হয়েছে তাদের নাম খসড়া ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবেনা।

| ক্রম | বিবরণ | নির্ধারিত সময়সূচী |
|---|---|---|
| ১ | হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ | ২১ জানুয়ারি ২০২৪ |
| ২ | দাবী, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিলের শেষ তারিখ | ০৫ ফেব্রুয়ারি ২০২৪ |
| ৩ | সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহের নিষ্পত্তির শেষ তারিখ | ১১ ফেব্রুয়ারি ২০২৪ |
| ৪ | দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ | ১৮ ফেব্রুয়ারি ২০২৪ |
| ৫ | হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ০২ মার্চ ২০২৪ |

২। পীরগাছা উপজেলার হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকার মুদ্রিত কপি সর্বসাধারণের পরিদর্শনের জন্য নিম্নবর্ণিত স্থানে উন্মুক্ত থাকবে:

(১) সিনিয়র জেলা নির্বাচন অফিস, রংপুর।
(২) উপজেলা নির্বাচন অফিস, পীরগাছা, রংপুর।
(৩) কল্যাণী, পারুল, ইটাকুমারী, অন্নদানগর, ছাওলা, তাম্বুলপুর, পীরগাছা, কৈকুড়ী ও কান্দি ইউনিয়ন পরিষদ কার্যালয়, পীরগাছা।

৩। সংশোধনকারী কর্তৃপক্ষকে সম্বোধন করে আগামী ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকার উপর নির্ধারিত ফরমে নাম অন্তর্ভুক্তির দাবী (ফরম-৬), নাম অন্তর্ভূক্তির বিরুদ্ধে আপত্তি (ফরম-৭) ও সংশোধনের(ফরম-৮) আবেদন দাখিল করা যাবে।

৪। তার আওতাধীন ইউনিয়ন পরিষদের ছবিসহ খসড়া ভোটার তালিকার মুদ্রিত কপি ( প্রত্যেক ভোটার এলাকার পুরুষ ও মহিলা ভোটার তালিকার এক কপি) ও বিজ্ঞপ্তির কপি এতদসংগে প্রেরণ করা হলো। ছবিসহ খসড়া ভোটার তালিকার কপি সুষ্ঠুভাবে রক্ষনাবেক্ষণ করতে হবে এবং ফটোকপি করা যাবে না। উক্ত ভোটার তালিকা সর্বসাধারণকে প্রদর্শন করে নির্ধারিত সময়ের পরে অত্র দপ্তরে ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২১/০১/২৪

( ফারুক আহমেদ )
উপজেলা নির্বাচন কর্মকর্তা
পীরগাছা, রংপুর
ও
রেজিস্ট্রেশন অফিসার
ফোন -০২৫৮৯-৯৭৬৯৩৩
মোবাইল-০১৫৫০০৪২৪৯১
pirgachhaelectionoffice@gmail.com

প্রাপক : ইউনিয়ন পরিষদ সচিব
কল্যাণী, পারুল, ইটাকুমারী, অন্নদানগর, ছাওলা, তাম্বুলপুর, পীরগাছা, কৈকুড়ী ও কান্দি ইউনিয়ন পরিষদ কার্যালয়, পীরগাছা, রংপুর।

স্মারক নং-১৭.০৮.৮৫৭৩.০০০.৩২.০০৭.২৩. ১১ | তারিখঃ ০৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ২১ জানুয়ারি ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
৪। জেলা প্রশাসক,রংপুর।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
৬। সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, রংপুর ও সংশোধনকারী কর্তৃপক্ষ।
৭। উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর।
৮। উপজেলা ..............................কর্মকর্তা, পীরগাছা, রংপুর।
৯। চেয়ারম্যান, কল্যাণী, পারুল, ইটাকুমারী, অন্নদানগর, ছাওলা, তাম্বুলপুর, পীরগাছা, কৈকুড়ী ও কান্দি ইউনিয়ন পরিষদ কার্যালয়, পীরগাছা, রংপুর। হালনাগাদকৃত ছবিসহ খসড়া ভোটার তালিকা প্রকাশের বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১০। সভাপতি/সম্পাদক প্রেস ক্লাব, পীরগাছা, রংপুর।

২১/০১/২৪

উপজেলা নির্বাচন অফিসার
পীরগাছা, রংপুর।

বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগাছা, রংপুর
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়।
**www.ecs.gov.bd**

স্মারক নং-১৭.০৮.৮৫৭৩.০০০.৩২.০০৭.২৩.

তারিখঃ ০৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৪ খ্রি:

# বিজ্ঞপ্তি

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭(২) এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪(১) অনুসারে আমি ফারুক আহমেদ, উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগাছা, রংপুর ও রেজিস্ট্রেশন অফিসার এতদ্বারা রংপুর জেলাধীন পীরগাছা উপজেলার কল্যাণী, পারুল, ইটাকুমারী, অন্নদানগর, ছাওলা, তাম্বুলপুর, পীরগাছা, কৈকুড়ী ও কান্দি ইউনিয়ন পরিষদের ভোটার এলাকা সমুহের ভোটার তালিকা হালনাগাদ-২০২২ কার্যক্রমের হালনাগাদকৃত ছবিসহ ভোটার তালিকার খসড়া প্রকাশ করছি।

২। উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তির দাবী অথবা অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তি অথবা অন্তর্ভুক্তির বিষয় সম্পর্কে সংশোধনীর আবেদন আগামী ০৫ ফেব্রুয়ারি ২০২৪খ্রি: তারিখের মধ্যে আমার/সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রংপুর ও সংশোধনকারী কর্তৃপক্ষ এর কার্যালয়ে ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে দাখিল করা যাবে।

টিকা: অফিস সময়ে আমার কার্যালয়ে অথবা প্রকাশিত স্থান সমুহে হালনাগাদকৃত ছবিসহ খসড়া ভোটার তালিকা দেখা যাবে।

স্থান : পীরগাছা, রংপুর
তারিখ : ২১ জানুয়ারি ২০২৪ খ্রি:

২১/০১/২৪

( ফারুক আহমেদ )
উপজেলা নির্বাচন কর্মকর্তা
পীরগাছা, রংপুর
ও
রেজিস্ট্রেশন অফিসার।